

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান অফিস
কিশোরগঞ্জ
bbs.kishoreganj.gov.bd

স্মারক নং: ৫২.০১.৪৮০০.০০০.০০০.১৬.০৩৪.২১-০০৮

তারিখ: ০৩ মাঘ, ১৪৩২
১৭ জানুয়ারি, ২০২৬

অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন বিপিএলএস প্রকল্পের আওতায় আসন্ন HIES 2026 জরিপের **ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটর** নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের ধরন	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	
১	২	৩	৪
ইনুমারেটর- কাম-ডাটা এন্ট্রি অপারেটর	সম্পূর্ণ অস্থায়ী (১৪ মাস)	শিক্ষাগত যোগ্যতা	(১) স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক পাশ (পরিসংখ্যান/গণিত/অর্থনীতি/আইসিটি বিষয়ে স্নাতক পাশধারীদের অগ্রাধিকার দেয়া হবে);
		বয়স	সর্বনিম্ন ৩৩ বছর থেকে সর্বোচ্চ ৪২ বছর বয়স এর মধ্যে (০১/০১/২০২৬ খ্রি. তারিখে)
		অভিজ্ঞতা	১. Household Income and Expenditure Survey (HIES)/Multiple Indicator Cluster Survey (MICS)/Labour Force Survey (LFS) এর তথ্য সংগ্রহ কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। ২. কম্পিউটার/ট্যাবলেট/মোবাইলে ডাটা এন্ট্রি অ্যাপস/সফটওয়্যার পরিচালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে।
		জাতীয়তা	বাংলাদেশী।
		প্রমাণক	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূল সনদের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
		নির্বাচনী পরীক্ষা	২৬ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মোট ১০০ নম্বরের (লিখিত-৪০, ব্যবহারিক-৩০, ভাইভা-৩০) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার কেন্দ্র সংক্রান্ত তথ্য মুঠোফোনের মাধ্যমে প্রার্থীকে অবহিত করা হবে। শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূল সনদের কপিসহ পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে।
		অঙ্গীকারনামা	বাংলাদেশের যেকোন জেলা/উপজেলা/ইউনিয়নে সম্পূর্ণ ১৪ (চৌদ্দ) মাসব্যাপী নিরবচ্ছিন্নভাবে তথ্য সংগ্রহে অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে।
বেতন ভাতাদি	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রকল্প দপ্তর হতে বেতনভাতাদি প্রাপ্য হবেন।		

০২। আবেদনপত্রের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) উপর্যুক্ত ছকের ৪নং কলামে বর্ণিত আবশ্যিকীয় কাগজপত্রসহ সংযুক্ত **নমুনা আবেদন ফরম** পূরণ/প্রস্তুতপূর্বক উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, কিশোরগঞ্জ (ঠিকানা: ২৫৬, ফার্মের মোড়, গাইটাল, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ) বরাবর **আগামী ২৫ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ০৪:০০টার মধ্যে অবশ্যই সশরীরে দাখিল করতে হবে।** নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পর দাখিলকৃত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(খ) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(গ) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক অথবা পৌর/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঘ) নাগরিকত্ব ও বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচায়পত্র (এনআইডি) ও জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(ঙ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(চ) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কোনো পূর্ব নোটিশ বা কারণ দর্শানো ব্যতিরেকে প্রার্থীতা বাতিল করা হবে।

(ছ) আবেদনপত্র দাখিল ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। এটি ১০০% অস্থায়ী নিয়োগ। শুধুমাত্র সার্ভে চলাকালীন ১৪ মাস এ নিয়োগ বলবদ থাকবে। কর্তৃপক্ষ যেকোনো সময় কোনো পূর্ব নোটিশ বা কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



১৭/০১/২০২৬

মোঃ মহিদুল ইসলাম

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২-৯৯৮৮৩২০১৪

ইমেইল: bbs.kishoreganj.gov.bd

শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্ব হস্তে পূরণ করুন অথবা কম্পিউটার কম্পোজ করে প্রিন্ট করুন।
নমুনা আবেদন ফরম

পদের নাম: ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটর

প্রার্থীর নাম : বাংলায় : _____
ইংরেজি বড় অক্ষরে : _____
পিতার নাম : বাংলায় : _____
ইংরেজি বড় অক্ষরে : _____
মাতার নাম : বাংলায় : _____
ইংরেজি বড় অক্ষরে : _____
বর্তমান ঠিকানা : _____
স্থায়ী ঠিকানা : _____

জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : _____
জন্মসনদ নম্বর (ইংরেজিতে) : _____
জন্ম তারিখ (ইংরেজিতে) : _____
জরিপ কাজের পূর্ব অভিজ্ঞতার বিবরণ : _____
(যদি থাকে)
হোয়াটসঅ্যাপ নম্বর (ইংরেজিতে) : _____
শিক্ষাগত যোগ্যতা : _____

পরীক্ষার নাম	বিভাগ/বিষয়	প্রাপ্ত জিপিএ/শ্রেণি	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

অঙ্গীকারনামা

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব। এছাড়াও আমি বাংলাদেশের যেকোন জেলা/উপজেলা/ইউনিয়নে সম্পূর্ণ ১৪ (চৌদ্দ) মাসব্যাপী নিরবচ্ছিন্নভাবে তথ্য সংগ্রহের দায়িত্ব পালন করব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর